

বয়স্ক ব্যক্তিদের জন্য COVID-19 সাপোর্ট লাইন (Support line)

বয়স্ক ব্যক্তিদের জন্য COVID-19 সাপোর্ট লাইন (Support line)-টি বয়স্ক অস্ট্রেলিয়ানদেরকে তথ্য প্রদান, সহায়তা এবং সংযোগ প্রদান করে।

COVID-19-এ কিছুর বয়স্ক মানুষ অরক্ষিত কিন্তু ইন্টারনেটের সাথে তাঁদের সংযোগ কম ও তাঁদের পরিস্থিতির ব্যাপারে তথ্য পাবার উপায় পাওয়া তাঁদের প্রয়োজন। বয়স্ক ব্যক্তিদের জন্য COVID-19 সাপোর্ট লাইন (Support line)-টি তথ্য ও সহায়তা প্রদান করে।

বয়স্ক অস্ট্রেলিয়ানগণ, তাঁদের পরিবার, বন্ধু-বান্ধব এবং কেয়ারাররা FREECALL 1800 171 866 নম্বরে বিনামূল্যে কল করতে পারেন যদি তাঁরাঃ

- COVID-19-এর বিধি-নিষেধ ও তাঁদের উপর এর প্রভাব বিষয়ে কারো সাথে কথা বলতে চান
- একাকী বোধ করেন বা প্রিয়জনের জন্য চিন্তা করেন
- কারো কেয়ার বা যত্ন করেন এবং কোন তথ্য বা কারো সাথে কথা বলা প্রয়োজন হয়
- যে এইজড কেয়ার সেবাগুলো তাঁরা পাচ্ছেন সেগুলোর পরিবর্তনের বিষয়ে সাহায্য বা উপদেশ দরকার হয়
- নতুন কেয়ার সেবা বা অপরিহার্য সামগ্রী যেমন বাজার করার সেবা পেতে সাহায্য প্রয়োজন হয়
- তাঁদের নিজেদের, কোন বন্ধু বা পরিবারের সদস্য যাঁদের ডিমেনশিয়া আছে তাঁদের ব্যাপারে উদ্বিগ্ন হলে
- তাঁদের নিজেদের, বা অন্য কারো জন্য একবার বা নিয়মিতভাবে সুস্থতার পরীক্ষার ব্যবস্থা করতে চান,

বয়স্ক অস্ট্রেলিয়ানগণ, তাঁদের আত্মীয়, কেয়ারার, বন্ধু-বান্ধব বা সহায়তাকারীরা পারেনঃ

- **1800 171 866** নম্বরে কল করতে
- সপ্তাহের কাজের দিনগুলোতে সকাল ৮.৩০- বিকাল ৬টা অস্ট্রেলিয়ান ইস্টার্ন স্ট্যান্ডার্ড টাইমে (AEST)
- তাঁদের যেকোন তথ্য বা সেবার প্রয়োজন হলে

বয়স্ক ব্যক্তিদের জন্য COVID-19 সাপোর্ট লাইন (Support line)-টি হলো একটি যৌথ উদ্যোগঃ

- COTA অস্ট্রেলিয়ার (COTA Australia),
- ডিমেনশিয়া অস্ট্রেলিয়ার (Dementia Australia),
- ন্যাশনাল সিনিয়রস-এর (National Seniors) এবং
- OPAN-এর,
- অস্ট্রেলিয়ান সরকার (Australian Government)-এর তহবিল থেকে সহায়তাপ্রাপ্ত

ট্রান্সলেটিং অ্যান্ড ইন্টারপ্রেটিং সার্ভিস (Translating and Interpreting Service-TIS)-এর সহায়তা

যেসব বয়স্ক অস্ট্রেলিয়ানগণ ইংরেজীতে কথা বলতে পারেন নাঃ

- TIS ন্যাশনাল (TIS National)-এর 131 450 নম্বরে কল করুন,

- একজন দোভাষীর জন্য অনুরোধ করুন, এবং
- বয়স্ক ব্যক্তিদের জন্য COVID-19 সাপোর্ট লাইন (Support line)-টিতে দিতে বলুন বা সংযোগের জন্য 1800 171 866 ফোন নম্বরটি উদ্ধৃত করুন।